গাংনীতে বিশ্ব টিকাদান সপ্তাহ ২০২৩ উপলক্ষে এ্যাডভোকেসী সভা

গাংনীতে বিশ্ব টিকাদান সপ্তাহ ২০২৩ উপলক্ষে বৃহস্পতিবার দুপুরে এ্যাডভোকেসী সভা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার সুপ্রভা রানীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ্যাডভোকেসী সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডাক্তার আব্দুল্লাহ আল মারুফের সঞ্চালনায় এ্যাডভোকেসী সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন, উপজেলা জনস্বাস্থ্য অধিদপ্তরের সহকারি কর্মকর্তা মাহফুজুর রহমান কল্লোল।

এসময় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা, কর্মচারি, সুশীল সমাজের প্রতিনিধি ও স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

গাংনীতে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রের উদ্বোধন

‘ ‘উত্তম কৃষি চর্চা’’ অনুসরণে উৎপাদিত কীটনাশকের বিষক্রিয়ামুক্ত নিরাপদ সবজি বিক্রয়ের েলেক্ষ নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার বিকেলে মেহেরপুরের গাংনী সবজি বাজারের কিফাত সবজি ঘরে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্র উদ্বোধন করা হয়। গাংনী উপজেলা কৃষি অফিস ও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর তত্বাবধানে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর কারিগরি ও আর্থিক সহায়তায় নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রটি পরিচালিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোঃ ইমরান হোসেন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা কৃষিবিদ মোঃ আবব্দুর রউফ, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উপ পরিচালক কামরুল আলম, সহকারি পরিচালক Ñ(প্রশিক্ষণ) আশরাফুল আলম মন্ডল, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির কৃষি ইউনিটের কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোঃ তরিকুল ইসলাম, গাংনী বাজার কমিটির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম প্রমুখঃ

‘নিরাপদ সবজি গ্রহন করুন,সুস্বাস্থ্য নিশ্চিত করুন,এ প্রতিপাদ্যে গাংনী উপজেলা শহরে দ’◌ুটি নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্র চালু করলো পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি।

উদবোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, উচ্চ মাত্রায় ক্ষকির রাসায়নিক বালাইনাশক ও সার ব্যবহার করে উৎপাদিত সাক-সবজি পাওয়ার কারনে মানবদেহে চর্মরোগ, প্রতিবন্ধকতা, বন্ধাত্ব, ক্যান্সার, হৃদরোগ, উচ্চ রক্তচাপসহ আরও অনেক সমস্যার সৃষ্টি হয়। এসব দিক বিবেচনা করে জৈব সার, জৈব বালাইনাশক, ফেরোমন ফাঁদ, রঙিন ফাঁদ বিষটোপ, পরিচ্ছন্ন চাষাবাদের মাধ্যমে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার কমিয়ে যে সবজি উৎপাদিত হয় এগুলোকে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রে বিক্রয় উপযোগী হবে। এতে গাংনীসহ আশপাশের এলাকার মানুষ নিরাপদ সবজি পেতে সহায়ক হবে। গেল বছরেও গাংনী হাসপাতাল বাজারের ওসমান সবজি ঘরে আরও একটি নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্র চালু করে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি।

গাংনীতে ফেসবুকের ফেক আইডির বিরুদ্ধে অভিযোগ

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ফেক আইডি তৈরি করে এনটিভির সাংবাদিক রেজ আন উল বাসার তাপসকে নিয়ে কুরুচিকর ও বিভ্রান্তিমূলক প্রচার করায় অপরাধ বার্তা নামের একটি আইডির বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে অভিযোগ দায়ের করা হয়েছে।

গতকাল রাতে গাংনী থানায় বাদী রেজ আন উল বাসার তাপস স্বশরিরে

হাজির হয়ে এ অভিযোগ দাখিল করেন।
বাদীর অভিযোগ, গত ৭ জুলাই দিবা গত রাত্র ১২.১৮ মিনিট এর সময় অজ্ঞাত নামা ৪/৫ জন আসামীরা ‘অপরাধ বার্তা’ নামক ফেসবুক আইডির মাধ্যমে তথ্য ও প্রযুক্তি অনলাইন ব্যবহার করে আমার ফেসবুক প্রোফাইল আইডির ছবি আমার অনুমতি বিহীন সংগ্রহ করিয়া লেখালেখি করিয়া বলে যে, “এনটিভির” মেহেরপুর জেলা প্রতিনিধি মোহাঃ রেজ-আন-উল-বাসার তাপস এর গাঁজা সেবন। এমন আরো ভিডিও পেতে আমাদের সাথেই থাকুন বলিয়া অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা তাহাদের সঠিক পরিচয় গোপন করিয়া এহেন অন্যায় কর্মকান্ড করিয়া আমাকে সমাজের চোখে হেও প্রতিপন্নসহ আমার মান সম্মানের ক্ষতি করেছেন।

এমনকি অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা ঘটনার তারিখ ও সময়ে তাহাদের ফেইক ফেসবুক আইডির অনলাইন ব্যবহার করিয়া রাত্র অনুমান ৯.৪৯ মিনিটের সময় আমার কন্ঠ সুপার এডিট করিয়া অপপ্রচার করেন যে, পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাকে” এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি মোহাঃ রেজ-আন-উল-বাসার তাপসের অশালীন ভাষায় গালী “এহেন মিথ্যা জনমনে বিভ্রান্তি সৃষ্টি করিয়া সমাজের চোখে আমাকে হেও প্রতিপন্ন করিয়া আমার অনুমতি বিহীন উপরোক্ত কর্মকান্ড করিয়া অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা আমার কোটি টাকার উর্দ্ধে মান সম্মান হানী করিয়াছে। উপরোক্ত ঘটনার কারনে আমার পদ- পদবীসহ সমাজের মানুষের চোখে আমার প্রতি বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে এবং মান সম্মানের হানি ঘটেছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, এনটিভির সাংবাদিক রেজ আন উল বাসার তাপসের লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে আবৃত্তি প্রতিযোগিতায় সাংবাদিক কন্যা স্নেহার ১ম

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কর্মসূচী

মেহেরপুরের গাংনীতে স্বাস্থ্য উন্নয়নে হেলথ প্রমোশন ফাউন্ডেশনের দাবীতে অবস্থান কর্মসূচী ও প্রধানমন্ত্রী বরাবর স্বারকলীপি প্রদান করা হয়েছে। বুধবার (১২ জুলাই) বেলা ১১ টায় গাংনী উপজেলা পরিষদের সামনে এ কর্মসূচী পালিত হয়।

আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থা ও শানঘাট পল্লী উন্নয়ন সংস্থা আয়োজিত অবস্থান কর্মসূচীতে স্মার্ট বাংলাদেশ গঠন বর্তমান সরকারের একটি প্রতিশ্রুতি ও শ্লোগানের বাস্তবিক রূপ দেওয়ার জন্য অবস্থান কর্মসুচী পালন করা হয়।

দেশের সকল নাগরিকের জন্য সুস্বাস্থ্য নিশ্চিত করা জরুরী দাবী জানিয়ে বক্তব্য রাখেন, আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক তৌহিদ উদ দৌলা রেজা, শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মহিবুল আলম, স্বদেশ সীড এর ব্যবস্থপনা পরিচালক মাজেদুল হক মানিক, গাংনী গণিত পরিবারের সভাপতি সাইফ হাসান কৌশিক, সাংবাদিক সাহাজুল ইসলাম সাজু,মীর শামিম প্রমূখ।

অবস্থান কর্মসূচী শেষে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্বারকলীপি প্রদান করা হয়।

চিকিৎসা অবহেলার এক রোগীর মৃত্যুর অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার শালদাহ গ্রামে খাবারে বিষক্রিয়ায় একই পরিবারের পাঁচ জন অসুস্থ হয়ে চিকিৎসাধীন অবস্থায় মোমিনুল ইসলাম
(৬০) নামের এক বৃদ্ধের রহস্যজনক মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধা ৭ টার দিকে তার মৃত্যু হয়। নিহত মোমিনুল ইসলামের পরিবার থেকে খাবারে বিষক্রিয়া ও চিকিৎসার অবহেলায় মৃত্যু হয়েছে এমন দাবী করলেও চিকিৎসক বলছেন স্ট্রোক হয়ে তার মৃত্যু

হয়েছে।

বিষক্রিয়া অসুস্থরা হলেন, মৃত মোমিনুল ইসলামের স্ত্রী সাহেরা বেগম(৫৫) ছেলে শামিম রেজা সুমন(৩৫), সুমনের স্ত্রী মমতাজ(৩০) ও ছেলে গালিব (৬)।

শামীম রেজা সুমন বলেন, গতকাল সোমবার রাত ১০ টার সময় পরিবারের সকলে মাছ ও মাংস দিয়ে ভাত খাওয়ার পর ঘুমিয়ে পড়ি। ভোর খেকে বাড়ির সকলের পাতলা পায়খানা শুরু হলে আজ মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সকলে ভর্তি হই। আমি, আমার মা, স্ত্রী ও সন্তান কিছুটা সুস্থতা বোধ করলেও আমার বাবার অবস্থা ধীরে ধীরে অবনতি হয়। আমি অসুস্থ অবস্থায় ডিউটিতে থাকা ডাক্তারের কাছে বার বার বিষয়টি জানালেও ডাক্তার আমার বাবার বিষয়টি গুরুত্ব দেয়নি। সন্ধা সাড়ে ৭ টার সময় আমার বাবার মৃত্যু হয়। চিকিৎসায় অবহেলায় মৃত্যু হয়েছে বলেও দাবী করেন তিনি।

হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক সামসুজ্জোহা বলেন, একই পরিবারের ৫জন খাদ্য বিষক্রিয়াজনীত কারনে ভর্তি হলেও বৃদ্ধ মোমিনুল ইসলামের মৃত্যু হয় স্ট্রোক জনীত কারনে।

গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন বলেন,মোমিনুল ইসলাম আমার খুবই নিকট আত্নীয়। গতরাতে খাবার খেয়ে সকলে অসুস্থ অবস্থায় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হলে আমি তাদের দেখতে যায়।তারা সকলেই সুস্থ ছিলো। দুপুরের পর মোমিনুল ইসলামের অবস্থা অবনতি হলে আমি ডাক্তারের সাথে কথা বলি। তারা আমার কথায় গুরুত্ব দেননি। চিকিৎসায় অবহেলার কারনে মোমিনুল ইসলামের মৃত্যু হয়েছে। তিনি আরও বলেন ওই চিকিৎসকের বিরুদ্ধে আইনের আশ্রয় নেব।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার(আরএমও) বলেন, মৃত ব্যক্তি মমিনুল ইসলামের অনেক বয়স হয়েছে যে কারণে তিনি অনেকটা নার্ভাস হয়ে পড়েন। পরে তিনি স্ট্রোক হয়ে মারা গেছেন। চিকিৎসকের অবহেলার বিষয়টি নিয়ে তিনি বলেন চিকিৎসকের অবহেলা আছে কিনা তা খতিয়ে দেখা হবে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আবদুর রাজ্জাক বলেন, এবিষয়ে আমি এখন পর্যন্ত অবগত নই, অভিযোগ পেলে বিষয়টি খতিয়ে দেখে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

[redacted]

[redacted]

গাংনীতে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে ৫ মাসের সাজাপ্রাপ্তসহ বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (১১ জুলাই) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

আসামিদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত সিআর সাজাপ্রাপ্ত ১ জন, সাধারণ সিআর ২ জন ও মাদক মামলার ৩ জন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এই অভিযান চালান।

গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার (১১ জুলাই) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর স্কুল মাঠে নির্মাণ সামগ্রী, স্কুল ছুটি

মেহেরপুরের গাংনী উপজেলার সরকারি একটি প্রাথমিক বিদ্যালয়ে রাস্তা সংস্কারের প্রভাবশালী ঠিকেদার নির্মাণ সামগ্রি রেখে দেয়াতে গত একমাস ধরে বিদ্যালয় বন্ধ রয়েছে। গতকাল রোববার ঈদের ছুটি শেষে বিদ্যালয়টি খোলার পর স্কুল মাঠে পিচগলানো জন্য জ্বালানো চুলোর ধুয়াতে কোমলমতি শিক্ষার্থীরা ক্লাসে থাকতে পারেনি। ফলে বাধ্য হয়ে ফের তিনদিনের জন্য স্কুল ছুটি ঘোষণা করেছেন স্কুলের প্রধান শিক্ষক। গত দুইমাস আগে স্কুল মাঠে রাখা হয়েছে নির্মাণ সামগ্রী। বিদ্যালয়েই নির্মাণ শ্রমিকরা থাকেন। ফলে স্কুলের মাঠে খেলাধুলা করতে পারছে না শিক্ষার্থীরা। নষ্ট হচ্ছে শিক্ষার পরিবেশ। এই অবস্থা আরো কিছুদিন থাকবে বলে মনে করছে স্কুল

কর্তৃপক্ষ।

শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা জানান, দুইশতাধিক শিক্ষর্থীী রয়েছে বিদ্যালয়টিতে। তাদের কোলাহল ও হইহুল্লোড়ে মুখোর থাকত বিদ্যালয়টির খেলার মাঠ। গত মে মাস থেকে বিদ্যালয়ের মাঠটি দখল করে রেখেছে সংস্কার কাজের নির্মাণ সামগ্রী। শুধু মাঠেই নয়, বিদ্যালয়ের বারান্দা শ্রমিকদের জন্য রাত্রি যাপনের ব্যবস্থা করেছেন নির্মাণ কাজের ঠিকাদার। ঠিকেদার সরকারি দলের সহযোগি সংগঠন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক।

সরেজমিনে গাংনী উপজেলার ভোমরদহ গ্রামে ‘ভোমরদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ’এ দেখা যায়- রাস্তা সংস্কারের সরঞ্জাম রেখে দুই-তৃতীয়াংশ জায়গা দখল করে রাখা হয়েছে। বিদ্যালয় মাঠেই আগুন জ্বালিয়ে বিটুমিন গলানো হচ্ছে। এ কারণে কালো ধোঁয়ায় পড়াশোনায় ব্যাঘাত ঘটছে শিক্ষার্থীদের। গ্রামের একমাত্র বড় এ স্কুল মাঠটিতে ভ্যাপসা গরমে বিকেল থেকে স্থানীয় বিভিন্ন বয়সের মানুষ উন্মুক্ত মাঠে বসে থাকতেন। তাও বন্ধ হয়ে গেছে। বিকেলে গ্রামের কিশোর যুবকদের খেলা ধূলা করতে পারছেনা মাঠ জুড়ে নির্মাণ সামগ্রির কারণে। ঠিকেদার প্রভাবশালী হওয়ার কারণে বিদ্যালয়ের শিক্ষক ও গ্রামের কেউ আপত্তি জানাতে পারেনি নির্মাণ সামগ্রি রাখায়।

রোববার বিদ্যালয়টিতে গিয়ে দেখা যায়, মাঠের দুই–তৃতীয়াংশ জায়গায় ইটের কংক্রিট, বালু, মাটি, পাথর, বিটুমিনের ড্রাম স্তুপ করে রাখা হয়েছে। বিটুমিন গলানোর জন্য বানানো চুলা স্থাপন করা হয়েছে বিদ্যালয় ভবনের পাশেই। ওই চুলাতে আগুন জ্বালালে ধোঁয়া বিদ্যালয়ের ভবনে প্রবেশ করে। সারা মাঠে ছোট ছোট কংক্রিট ছড়িয়ে ছিটিয়ে আছে। ছড়িয়ে থাকা নির্মাণ সামগ্রী অনেকটা ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে আছে। যা বড় ধরনের দুর্ঘটনার শঙ্কা থেকেই যায়। বেশ কয়েকজন শিক্ষার্থী অভিযোগ করেন, খেলাধূলার অনুশীলন দুরে থাক, ক্লাসরুমে যাতায়াতেই দুর্ভোগ পোহাতে হয়। দেখে শুনে না চললে পায়ে পেরেক ফোটার ভয় তাড়া করে।◌্ ঈদের আগেও মাঠ জুড়ে নিমাণ সামগ্রি থাকার কারণে নোটিশ ছাড়া স্কুল ছুটি দেয়া হয়েছিল। রোববার স্কুলে আসার পর ফের তিনদিনের জন্য ছুটি ঘোষণা করা হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাসেদুল ইসলাম জানান- বিদ্যালয় মাঠে নির্মাণ সামগ্রী রাখার নিয়ম নেই। যখন নির্মাণ সামগ্রি রাখা হয় তখন বিদ্যালয় বন্ধ ছিলো। ফলে আপত্তি জানানোর সুযোগ মেলেনি।

স্কুল মাঠে চুলো তৈরী করে বিটুমিন গলানো হচ্ছে। বিটুমিন গলানো ধুয়াতে কোমলমতি শিক্ষার্থীদের অসুবিধার কথা ভেবে তিনদিনের জন্য ঐচ্ছিক ছুটি দেয়া হয়েছে।

ঠিকাদার মজিরুল ইসলামের ব্যক্তিগত মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তার সাড়া পাওয়া যায়নি। অনেক বার ফোনের পর মহিলা কন্ঠে জানানো হয় ‘তিনি স্টোকের রোগি। ঘুমিয়ে আছেন।

গাংনীতে তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক তাপু মারা গেছেন

গাংনী পৌর আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সৈয়দ ওমর আলী তাপু(৪০) নিজ বাড়িতে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না এলাহী রাজিউন)।

তাপু গাংনী উপজেলা শহরের র্যাব ক্যাম্পপাড়ার অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য মৃত আফজাল হোসেনের ছেলে।

মৃত্যুকালে স্ত্রী, ১ ছেলে ও ১ মেয়েসহ বন্ধু, বান্ধব রাজনৈতিক সহকর্মী ও অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

শনিবার সকাল ৭ টার দিকে লিভার সমস্যা জনিত রোগে ভুগছিলেন। তাপু একটি ওষধ কোম্পানীর বিক্রয় প্রতিনিধি হিসাবে কর্মরত ছিলেন।

শনিবার বাদ জোহর গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ প্রাঙ্গণে তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। তাপুর অকাল মৃত্যুতে গাংনীর বিভিন্ন শ্রেণীপেশার মানুষ শোক প্রকাশ করেছেন।